

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ  
সরকারি মাধ্যমিক-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০২১-৩৭

তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২১

বিষয় : শিক্ষা প্রতিষ্ঠানের জমি জরুরি ভিত্তিতে নামজারি ও জমা খারিজ সম্পাদনসহ তথ্যাদি হালনাগাদ করে সংরক্ষণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি পাওয়ার পরেও প্রতিষ্ঠানের নামীয় জমি এখনও নামজারি ও জমা খারিজ করা হয়নি। নামজারি ও জমা খারিজ না করার কারণে বিভিন্ন ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে এবং অনাকাঙ্ক্ষিত মামলার উদ্ভব হচ্ছে। অধিকন্তু নামজারি না হওয়ার কারণে কিছু অসাধু চক্র কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানের জমি বেহাত হওয়ার আশংকা থেকে যাচ্ছে। স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের জমির পরিমাণ, বিবরণ, খতিয়ান, নামজারি ও জমা খারিজ, ভূমি উন্নয়ন করের দাখিলা, জমির দলিল এবং বাস্তব দখলের কাগজপত্র হালনাগাদ করে একটি ফাইল সংরক্ষণ করা প্রয়োজন।

২. এমতাবস্থায়, শিক্ষা প্রতিষ্ঠানের জমি যাতে কোনক্রমেই বেহাত না হয় এবং ভবিষ্যতে জটিলতা এড়ানো যায় সে লক্ষ্যে জরুরি ভিত্তিতে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের নামীয় জমি নামজারি ও জমা খারিজসহ হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধ করে একটি রেজিস্টারে তথ্যাদি সংরক্ষণের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে নির্দেশনা প্রদান করা হলো।

৩. একই সাথে, শিক্ষা প্রতিষ্ঠানের ভূমি এবং অন্যান্য স্থাবর/অস্থাবর সম্পত্তির একটি সমন্বিত তালিকা মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর ও শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ করার জন্য নির্দেশক্রমে অনুশাসন প্রদান করা হলো।

স্বাক্ষরিত/  
(মোমিনুর রশিদ আমিন)  
অতিরিক্ত সচিব  
ফোন নং-৯৫৪০৯০৮

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন, ঢাকা

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় কমিশনার,.....(সকল)
২. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,.....(সকল)
৪. জেলা প্রশাসক,.....(সকল)
৫. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৬. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৭. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা,.....অঞ্চল (সকল)
৯. উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল)
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা,.....অঞ্চল (সকল)
১২. জেলা শিক্ষা অফিসার,.....(সকল)
১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,.....(সকল)
১৪. অফিস কপি

২য় পাতায়.....



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা ফোন: ০৮১-৭৬৩২৮ ফ্যাক্স: ০৮১-৭৬৪৩৮  
website: www.comillaboard.gov.bd. E-mail: info@comillaboard.gov.bd.

স্মারক নং- বিবিধ/৩২০০৯-২০২০/২৩৮(২২০০)  
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে

তারিখ: ২৫/৩/২০২১

এ বোর্ডের আওতাভুক্ত সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয় এবং উচ্চমাধ্যমিক শ্রেণিযুক্ত প্রতিষ্ঠান প্রধানকে বর্ণিত পরিপত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা: ' (Handwritten signature)

(প্রফেসর মো: আজহারুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
কুমিল্লা  
ফোন নং-০৮১-৭৬৭০০

তারিখ: ২৫/৩/২০২১

স্মারক নং- বিবিধ/৩২০০৯-২০২০/২৩৮(২২০০)  
অবগতির জন্য অনুলিপি:

১. এ বোর্ডের সিনিয়র সিস্টেম এনালিস্ট ( বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

২৫.০৬.২০২১ (Handwritten signature and date)

(প্রফেসর মো: আজহারুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
কুমিল্লা  
ফোন নং-০৮১-৭৬৭০০

২৫/৩/২০২১ (Handwritten signature and date)